

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা


নং-৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১. ২৪৬৪

তারিখঃ ২০/০৪/২০১২ খ্রিঃ।

বিষয় : জেলা পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অনুসরণীয় বিষয়।

জেলা পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ১) জেলা পরিষদের প্রশাসকগণ জেলা পরিষদ আইন, ২০০০ এর প্রথম তফসিলের বাধ্যতামূলক কার্যাবলীর ১ অনুচ্ছেদ অনুযায়ী জেলা পর্যায়ে সকল উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ও স্থানীয় সরকার বিভাগে এতদবিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে পারবেন;
- ২) জেলা পরিষদ প্রশাসকগণ জেলা পরিষদ আইন, ২০০০ এর প্রথম তফসিলের বাধ্যতামূলক কার্যাবলীর ২ অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ ও পৌরসভা কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের উন্নয়ন কার্যক্রমের পর্যালোচনা করতে পারবেন এবং স্থানীয় সরকার বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে পারবেন ;
- ৩) জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় জেলা পরিষদ প্রশাসকগণ সভাপতিত্ব করবেন এবং প্রশাসকের অনুপস্থিতিতে প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।
- ৪) জেলা পরিষদের সচিব জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। সচিবের পদ শূন্য থাকলে প্রধান নির্বাহী কর্মকর্তা সাচিবিক দায়িত্ব পালন করবেন;
- ৫) প্রশাসকগণ সরকারি নিয়মানুযায়ী প্রতিদিন ৭ লিটার গাড়ীর জ্বালানী ব্যবহার করবেন। ব্যবহৃত গাড়ী কোন ফ্রমেই ব্যক্তিগত কাজে এবং সরকারি কাজ ব্যতিত জেলার বাইরে ব্যবহার করা যাবেনা। তবে কোন কারণে জেলার বাইরে গাড়ী ব্যবহারের প্রয়োজন হলে স্থানীয় সরকার বিভাগের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে;
- ৬) নিজস্ব তহবিলের বিভিন্ন অনুদান খাতের আওতায় মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত জেলা পরিষদের মাধ্যমে শিক্ষা, চিকিৎসা, ধর্মীয় অনুষ্ঠান ইত্যাদি সামাজিক কল্যাণমূলক খাতে ব্যক্তি পর্যায়ে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত আর্থিক অনুদান প্রদানের বিধান রয়েছে। জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সিদ্ধান্তক্রমে এ খাত হতে (নিজস্ব বাজেটের আর্থিক সংগতি থাকা সাপেক্ষে) সর্বোচ্চ বার্ষিক ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত বরাদ্দ দেয়া যাবে।
- ৭) জেলা পরিষদ প্রশাসকগণের বহিঃ বাংলাদেশ ছুটি/ত্রমণের বিষয়ে সরকারের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে।


২০/৪/১২
(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

বিতরণ :

- ১। জেলা পরিষদ প্রশাসক, জেলা পরিষদ,(সকল)।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,(সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব----- মন্ত্রণালয়/বিভাগ(সকল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব----- (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কমিশনার----- বিভাগ (সকল)।
- ৫। যুগ্ম-সচিব----- (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক,----- (সকল)।
- ৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।